

ওঁ
শ্রীগুরু
অথগু ভ্রাতা-ভগিনীগণের উদ্দেশ্যে বার্তা

স্নেহের ভ্রাতা ও ভগিনীগণ,

আশা করি আপনারা কুশলে আছেন।

বর্তমানে ভারতবর্ষ একটি ভয়ংকর বিপর্যয়ের সম্মুখীন হইয়াছে। যাহার নাম নোভেল করোনা ভাইরাস (কোভিড-১৯)। এই বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে সকল অথগু ভ্রাতা-ভগিনীদের প্রতি আমার কয়েকটি আবেদন জানাইতেছি, যাহা নিম্নরূপ :-

(১) আপনারা প্রত্যেকে প্রত্যহ সন্ধ্যা ৭টা হইতে অন্ততঃ আধঘন্টা বিশ্বের সকলের মঙ্গল কামনায় নীরব নামজপ করিবেন। যাহাদের পক্ষে সম্ভব, তাহারা আরও দীর্ঘ সময় ব্যাপী নামজপে রত হউন।

(২) আপনারা প্রত্যেকে স্থানীয় প্রশাসনের প্রতিটি নির্দেশকে অক্ষরে অক্ষরে মানিয়া চলিবেন। প্রত্যেকে এ-বিষয়ে সচেতন থাকিবেন যাহাতে কোন অবস্থায় বা কোন কারণে ইহার অন্যথা না হয়।

(৩) প্রতিটি অথগু মণ্ডলীর সম্পাদক, আঞ্চলিক অথগু সংগঠনের সম্পাদক, জেলা অথগু সংগঠনের সম্পাদক এবং সম্মিলিত অথগু সংগঠনের সম্পাদকদিগের নিকট আমার আবেদন, আপনারা নিজ নিজ অঞ্চল ভিত্তিক প্রতিটি গুরুভ্রাতা ও ভগিনীগণের সহিত টেলিফোনে বা মোবাইলে নিয়মিত যোগাযোগ রক্ষা করুন এবং আমার উপরোক্ত আবেদন দুইটি তাহাদিগকে অবহিত করুন। আপনাদিগকে ইহা সুনিশ্চিত হইতে

হইবে যাহাতে প্রতিটি অখণ্ড আমার উপরোক্ত আবেদন দুইটি যথাযথভাবে পালন করেন।

আমাদের এবিষয়ে সম্যক ধারণা থাকা বিশেষ প্রয়োজন যে, প্রশাসন কর্তৃক সাময়িক নিষেধাজ্ঞা গুলি আরোপিত হইয়াছে এই ভয়ংকর সংক্রামক রোগ হইতে আমাদের রক্ষা করিবার উদ্দেশ্যে।

পরমপূজ্যপাদ শ্রীশ্রী বাবামণি "অখণ্ড সংহিতা" গ্রন্থের দশম খণ্ডে "ভগবদ্বিশ্বাস কাহাকে বলে" শীর্ষকে লিখিয়াছেন, "-ক্রমওয়েল বলেছিলেন,- Trust in God but keep your powder dry,- ভগবানে বিশ্বাস কর, কিন্তু বন্দুকের বারুদ শুষ্ক রাখ।..... ভগবান্ যে মঙ্গলময়, একথা বিশ্বাসের নামই ভগবদ্বিশ্বাস।" আমার সুদূত বিশ্বাস পরমপূজ্যপাদ শ্রীশ্রীবাবামণি এবং পরমারাধ্যা শ্রীশ্রীমামণির আশীর্বাদে সমগ্র মানব-সমাজ এই ভয়ংকর মারণব্যাধির কবল হইতে পরিত্রাণ পাইবে। কিন্তু তাঁহারা সর্বদাই দেশের, রাজ্যের এবং স্থানীয় প্রশাসনের নির্দেশকে মান্যতা দিতেন। অতএব, আমরা প্রতিটি অখণ্ড তাঁহাদের পদাঙ্ক অনুসরণ করিয়া প্রতিটি প্রশাসনিক নির্দেশকে যথাযথভাবে পালন করিব।

পরমপূজ্যপাদ শ্রীশ্রীবাবামণি এবং পরমারাধ্যা শ্রীশ্রীমামণির শ্রীচরণে জগতের সকলের কুশল প্রার্থনা করিতেছি। ইতি--

আপনাদের নিত্যশুভার্থী

২৫.০৩.২০২০

"গুরুধাম"

কলকাতা-৫৪।

দাদামণি

(শ্রীতপন ব্রহ্মচারী)